

## অরাজনৈতিক প্লাটফর্ম গড়ে তুলেছেন আসমা কিবরিয়া

গ্রেনেড হামলায় নিহত সাবেক অর্থমন্ত্রী ও প্রবীণ আওয়ামী লীগ নেতা শাহ এ এম এস কিবরিয়া এমপি হত্যাকাণ্ডের প্রতিবাদ ও বিচারের দাবিতে প্রয়াতের স্তৰী বিশিষ্ট চিত্রশিল্পী আসমা কিবরিয়া একটি অরাজনৈতিক প্লাটফর্ম গড়ে তুলতে প্রয়াসী হয়েছেন। গত শুক্রবার তার আহ্বানে সারা দেশে আধাঘণ্টার শান্তিপূর্ণ অবস্থান কর্মসূচির সাফল্যের পর এ বিষয়ে দলমত-নির্বিশেষে সকলের অংশগ্রহণে একটি সম্মিলিত উদ্যোগ নিতেই তিনি এখন এগুচ্ছেন। পুত্র-কন্যাসহ আসমা কিবরিয়ার এ উদ্যোগে পরিবারের অন্য সদস্যরাও আছেন।

চিত্রশিল্পী আসমা কিবরিয়া আবারো কিবরিয়া হত্যাকাণ্ডের স্মরণ ও নিরপেক্ষ আন্তর্জাতিক তদন্ত দাবি করে বলেন, আমি স্মরণ হত্যার বিচার দেখতে চাই। এ ক্ষেত্রে কী কী পদক্ষেপ নেওয়া হয়েছে, আলামত সংগ্রহ করেছে কে, বিদেশী কোন সংস্থার কাছে সাহায্য চাওয়া হয়েছে তা স্পষ্টভাবে জানতে চাই। আলাদা প্লাটফরম গঠনের উদ্যোগকে সামগ্রিকভাবে সফল করতে 'কো-অর্ডিনেশন' কমিটি ফর অ্যাকশন টু ব্রিং দ্য কিলারস অফ কিবরিয়া টু জাস্টিস' (সিসিএকেকেজে) নামক একটি কমিটি গঠনের ঘোষণা দেওয়া হয়েছে গতকাল শনিবার। একই সঙ্গে সংশ্লিষ্ট বিভিন্ন দায়িত্ব পালনের জন্য সমন্বয় ও যোগাযোগ, নির্বাচিত প্রতিনিধি, প্রচার-প্রচারণা, নীতি ও কৌশল শীর্ষক ৪টি উপকমিটি তৈরির কথা জানানো হয়। এ কমিটিগুলো দেশে-বিদেশে সংশ্লিষ্ট বিষয়ে কাজ করবে। গতকাল শনিবার রাজধানীর ধানমন্ডির বাসভবনে শাহ কিবরিয়ার স্তৰী আসমা কিবরিয়া প্রবাসী বাঙালিদের কাছে আবেদন জানানো প্রসঙ্গে এক প্রেস ব্রিফিং এসকল ঘোষণা দেন। এর আগে গত শুক্রবার প্রবাসীদের প্রতিবাদের কর্মসূচি ঘোষণা করা হলেও গতকাল তা বিস্তারিত জানানো হয় এ কমিটির উপকমিটির নাম ও কর্মপরিধি ঘোষণার মাধ্যমে। এ সময় তার সঙ্গে ছেলে ড. রেজা কিবরিয়া, মেয়ে ড. নাজলী কিবরিয়া ও পুত্রবধূ রীনা সুলতানা উপস্থিতি ছিলেন।

তিনি জানান, কিবরিয়া হত্যাকাণ্ডের প্রতিবাদ ও বিচার দাবিতে সিসিএকেকেজে-এর আন্তর্জাতিক সমন্বয়ের দায়িত্ব পালন করবেন ড. নাজলী কিবরিয়া। এ বিষয়ে তার সঙ্গে ই-মেইলে ([nkibria@bu.edu](mailto:nkibria@bu.edu)) যোগাযোগের পাশাপাশি ঢাকায় বসবাসরত পরিবারে সদস্যদের সঙ্গেও যোগাযোগ করা যাবে।

কিবরিয়া হত্যাকাণ্ডের প্রতিবাদ, সুষ্ঠু তদন্ত ও বিচার দাবিতে গত শুক্রবারের আধাঘণ্টা

শান্তিপূর্ণ অবস্থান কর্মসূচিতে অংশগ্রহণকারী সকলকে ধন্যবাদ জানানোর মধ্য দিয়ে এ প্রেস ব্রিফিংয়ের কাজ শুরু হয়। এ সময় আসমা কিবরিয়া লিখিত বক্তব্যে সিসিএকেকেজে গঠন ও সংশ্লিষ্ট বিষয়ে নানা ঘোষণা দেন। তিনি স্বামী হত্যার বিচার দাবি করে বলেন, এরই মাঝে আলামত নষ্ট করার অভিযোগ শুনতে পাচ্ছি। বিষয়টির সুষ্ঠু সুরাহা চাই। স্বাধীন ও নিরপেক্ষ আন্তর্জাতিক তদন্ত চাই। তিনি এফবিআইকে তদন্তের দায়িত্ব দেওয়ার দাবি জানিয়ে বলেন, তাদেরকে ফর্মাল আমন্ত্রণ জানানো হোক এবং স্বাধীন ও নিরপেক্ষভাবে কাজ করতে দেওয়া হোক। তিনি বলেন, আন্তর্জাতিক তদন্তের জন্য কার কাছে চিঠি দেওয়া হয়েছে তা স্পষ্টভাবে জানতে চাই আমি। এতে জানানো হয়, কিবরিয়া হত্যাকাণ্ডের প্রতিবাদ ও বিচার আন্দোলনকে দেশব্যাপী ছড়িয়ে দিতে সিসিএকেকেজে-এর জাতীয় কমিটি ও জেলা কমিটিগুলো শিগগিরই গঠিত হবে। এ সকল কমিটিতে দেশের বিভিন্ন শ্রেণী-পেশার মানুষের পাশাপাশি নারীদের অগ্রাধিকার দেওয়া হবে বলে আসমা কিবরিয়া জানান।

প্রেস ব্রিফিংয়ে আরো জানানো হয়, কিবরিয়া হত্যাবিরোধী জনমত তৈরিতে নির্বাচিত প্রতিনিধিরা চিঠি লিখে, টেলিফোনের মাধ্যমে বিশ্বের সকল দেশের জনগণকে জাগিয়ে তুলবেন। এছাড়া সকল বিষয়ে মিডিয়া কভারেজের মাধ্যমে তুলে ধরা হবে এ দেশের সামগ্রিক কর্মকাণ্ড। এ হত্যাকাণ্ডের বিচারের দাবিতে শুধু প্রবাসী বাঙালিরাই নয় প্রয়োজনে বিদেশীদের সম্পৃক্ত করা হবে বলে জানান আসমা কিবরিয়া। এক্ষেত্রে প্রয়াত শাহ কিবরিয়ার আন্তর্জাতিক বন্ধুদের কাছে সমগ্র বিষয়টি তুলে ধরার কথাও জানানো হয়। এ প্রেস ব্রিফিংয়ে আসমা কিবরিয়া দলমত নির্বিশেষে কিবরিয়া হত্যার প্রতিবাদ ও বিচার আন্দোলনে সকলকে যোগ দেওয়ার আহ্বান জানান। আওয়ামী লীগ-বিএনপিসহ যে কোনো দলের সৎ ও উদারমন্তব্য নেতারা এ প্রক্রিয়ার সঙ্গে যুক্ত হতে পারবেন বলে উল্লেখ করেন আসমা কিবরিয়া।

### আরো পড়ুন (মুক্ত-মনায় প্রকাশিত প্রবন্ধাবলী):

- **রেজা কিবরিয়ার সাক্ষাত্কার : সৌজন্যে প্রথম আলো**
- **ত্রিরত্নের কান্তি : লুৎফর রহমান রিটন**
- **মৃদুভাষনের সময় শেষ হয়ে গেছে : মুন্তাসীর মামুন**
- **বাংলাদেশ কি জঙ্গী মৌলবাদী রাষ্ট্র? গোলাম মোর্তজা**
- **কোন দেশপ্রেমিককে বাঁচতে দেওয়া হবে না : আবেদ খান**
- **এই দেশ এই জনপদ : নন্দিনী হোসেন**

- দুঃস্মের দ্বিতীয় প্রহর : অভিজিৎ রায়
- বাজার অর্থনীতি ও দারিদ্র বিমোচন : শাহ এ এম এস কিবরিয়ার শেষ লেখা

Visit: [www.mukto-mona.com](http://www.mukto-mona.com)